

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
শিক্ষা মন্ত্রণালয়  
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ  
বেসরকারি মাধ্যমিক-১  
বাংলাদেশ সচিবালয়, ঢাকা  
[www.shed.gov.bd](http://www.shed.gov.bd)

স্মারক নং-৩৭.০০.০০০০.০৭২.৪৪.০১৯.১৭.১১২৮

তারিখ :


২৯ অগ্রহায়ণ ১৪২৪ বঙ্গাব্দ  
১৩ ডিসেম্বর ২০১৭ খ্রিস্টাব্দ

বিষয় : লেকহেড গ্রামার স্কুল এর ম্যানেজিং কমিটি গঠন প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, ঢাকা মহানগরীর ধানমন্ডি ও গুলশানে অবস্থিত LAKEHEAD GRAMMER SCHOOL-এর কার্যক্রম বন্ধের আদেশের বিরুদ্ধে মহামান্য হাইকোর্ট বিভাগে রিট পিটিশন ১৬০১৮/২০১৭ দায়ের করা হলে সিভিল পিটিশন ৪৩১৭-৪৩১৮/২০১৭-এর রায় অনুযায়ী লেকহেড গ্রামার স্কুলের ম্যানেজিং কমিটি গঠনের জন্য আদেশ প্রদান করা হয়েছে। উক্ত আদেশে লেকহেড গ্রামার স্কুলের সভাপতি হিসেবে বিভাগীয় কমিশনার, ঢাকা ও বাংলাদেশ সেনাবাহিনীর এডজুটেন্ট জেনারেল কর্তৃক মনোনীত একজন সদস্যকে ম্যানেজিং কমিটির প্রতিনিধি হিসেবে অন্তর্ভুক্ত করা এবং বাংলাদেশ সেনাবাহিনীর শিক্ষা কোর হতে অধ্যক্ষ নিয়োগের জন্য নির্দেশনা প্রদান করা হয়েছে। মহামান্য আদালতের রায়ের কপি এতদসঙ্গে প্রেরণ করা হলো।

২। এমতাবস্থায়, সিভিল পিটিশন ৪৩১৭-৪৩১৮/২০১৭-এর রায় এবং বিদেশি কারিকুলাম এ পরিচালিত বেসরকারি বিদ্যালয় নিবন্ধন বিধিমালা, ২০১৭ অনুযায়ী আগামী ১৬.১২.২০১৭ তারিখের মধ্যে ম্যানেজিং কমিটি গঠন করে মন্ত্রণালয়কে অবহিত করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

সংযুক্ত: সিভিল পিটিশন ৪৩১৭-৪৩১৮/২০১৭-এর রায়ের কপি।

  
(অসীম কুমার কর্মকার)

সহকারী সচিব

ফোন : ৯৫৫০৩৪১

ই-মেইল : ds\_sec2@moedu.gov.bd

চেয়ারম্যান

মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা।


তারিখ :

২৯ অগ্রহায়ণ ১৪২৪ বঙ্গাব্দ  
১৩ ডিসেম্বর ২০১৭ খ্রিস্টাব্দ

স্মারক নং-৩৭.০০.০০০০.০৭২.৪৪.০১৯.১৭.১১২৮

অনুলিপি জ্ঞাতার্থে সদয় কার্যার্থে প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতারক্রমানুসারে নয়) :

- ০১। মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ০২। সিনিয়র সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ০৩। প্রিন্সিপাল স্টাফ অফিসার, সশস্ত্র বাহিনী বিভাগ, প্রধানমন্ত্রীর কার্যালয়, তেজগাঁও, ঢাকা।
- ০৪। এডজুটেন্ট জেনারেল, বাংলাদেশ সেনাবাহিনী, ঢাকা সেনানিবাস, ঢাকা।
- ০৫। কমিশনার, ঢাকা বিভাগ, ঢাকা।
- ০৬। মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, শিক্ষা ভবন, ঢাকা।
- ০৭। মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ০৮। জেলা প্রশাসক, ঢাকা।
- ০৯। সচিব মহোদয়ের একান্ত সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ১০। মাননীয় অ্যাটর্নি জেনারেল এর একান্ত সচিব, বাংলাদেশ সুপ্রিম কোর্ট, ঢাকা।
- ১১। সিনিয়র সিস্টেম এনালিস্ট, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (শিক্ষা মন্ত্রণালয়ের ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)।

  
(অসীম কুমার কর্মকার)  
সহকারী সচিব